



বিএমএ নিউজ

১৬ মার্চ ১৪২৩/১৯ জানুয়ারি ২০১৭

বিএমএ কেন্দ্রীয় নেতৃবৃন্দের সাথে বিএমএ ফেনী শাখা নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাত



২৯ জানুয়ারি ২০১৭ রবিবার রাত ৭:৩০টায় বিএমএ ভবনস্থ ডা. এ কাশেম সভাকক্ষে বিএমএ ফেনী শাখা নেতৃবৃন্দ বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের নবনির্বাচিত কেন্দ্রীয় কার্যকরী পরিষদের নেতৃবৃন্দের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়ে শুভেচ্ছা বিনিময় করেন।

সৌজন্য সাক্ষাতকালে উপস্থিত ছিলেন বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন, সহ-সভাপতি (ঢাকা বিভাগ) ডা. জামাল উদ্দিন খলিফা, সহ-সভাপতি (ময়মনসিংহ বিভাগ) ডা. আন ম ফজলুল হক পাঠান, সাংগঠনিক সম্পাদক ডা. তারিক মেহেদি পারভেজ, দপ্তর সম্পাদক ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ, সমাজ কল্যাণ সম্পাদক ডা. সোহেল মাহমুদ, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক ডা. মোঃ আবুল হাসেম খান প্রমুখ। বিএমএ ফেনী শাখার সভাপতি ডা. শহীদুল ইসলাম ভূইয়া কাওসার এর নেতৃত্বে শাখার অন্যান্য নেতৃবৃন্দ বিভিন্ন স্তরের চিকিৎসকবৃন্দ এময় উপস্থিত ছিলেন।

বিএমএ ফেনী শাখার নেতৃবৃন্দ এসোসিয়েশনের নবনির্বাচিত সভাপতি-মহাসচিবসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানান ও আগামী দিনে বিএমএ নেতৃবৃন্দের সাথে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যাশা করেন। বিএমএ সভাপতি ও মহাসচিব ফেনী শাখা নেতৃবৃন্দকে ধন্যবাদ জানান এবং আগামী দিনে শাখার নেতৃবৃন্দের সাথে নিয়ে চিকিৎসকদের পেশাগত সমস্যা সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।